পত্র সংখ্যা: এমএমএমবিএএ/২০২৩/ ৯ (৩৪) তারিখ : ১৭/১১/২০২৩

মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন থেকে ২০২৩ সালে বৃত্তি প্রদানের প্রতিবেদন

মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন থেকে ১০ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বিদ্যালয়ে প্রাঙ্গনে বৃত্তি প্রদান করা হয়। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব আবুল কালাম আজাদ- এর সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বরিশাল জেলা পরিষদ সদস্য এ্যাডভোকেট এম এ বারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকেন বিশিষ্ট ব্যাংকার জনাব মোঃ আবদুস সালাম, এমবিএ, আইবিএ, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উপদেষ্টা আলহাজ্ব মোঃ আলী আজম খান, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশালের প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর ডাঃ সৈয়দ জাহিদ হোসেন ও মুলাদী সরকারি মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ নাসির উদ্দিন হাওলাদার। বৃত্তি প্রদান অনুষ্ঠান উপস্থান করেন ক্রীড়া সম্পাদক জনাব মোঃ দিদারুল আহসান খান।

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের শিক্ষা ও পাঠাগার সম্পাদক জনাব আলহাজ্ব এ. কে. এম জাকির হোসেন অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে বাংলা তর্জমাসহ তেলাওয়াত করেন। মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব শহীদুল ইসলাম খানের স্বাগত বক্তব্য প্রদানের মাধ্যমে বৃত্তি প্রদানের মূল অনুষ্ঠান শুরু হয়। শহীদুল ইসলাম খান প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক এবং বৃত্তি প্রদান অনুষ্ঠান আয়োজনে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন তাঁদের প্রতি সবিশেষ কৃজ্ঞতা প্রকাশ করে সাদর সম্ভাষণ জানান।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে মুলাদী স্কুলে অধ্যয়নকালীন মুলাদী জনপদে শিক্ষার বিস্তারে বিদ্যালয়, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকবৃন্দের এবং সহপাঠীদের স্মৃতিচারণ করেন। উপস্থিত শিক্ষার্থীদের দেশ প্রেমিক খাঁটি নাগরিক হওয়ার আহ্বান জানান।

বিশিষ্ট ব্যাংকার জনাব মোঃ আবদুস সালাম অ্যালামনাই অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার ইতিহাস তুলে ধরে বর্তমান কমিটিকে তাঁদের স্বপ্ন পূরণে তৎপরতা দেখানোর অনুরোধ করেন এবং শিক্ষার্থীদের যুগের চাহিদা অনুযায়ী দক্ষ পেশাজীবী হিসেবে নিজেদের গড়ে তোলার আহ্বান জানান। উপদেষ্টা আলহাজ্ব মোঃ আলী আজম খান শিক্ষার্থীদের শিষ্টাচার জ্ঞানসম্পন্ন ও সমাজের জ্যেষ্ঠ নাগরিকদের প্রতি সম্মান প্রদর্শন ও সদয় হওয়ার আহ্বান জানান। প্রফেসর

ডাঃ সৈয়দ জাহিদ হোসেন অ্যালামনাই অ্যাসোসিয়েশন শক্তিশালীকরণের ওপর গুরুত্ব আরোপ করে সকলকে যাঁর যাঁর সুবিধামত কন্ট্রিবিউট করার অনুরোধ জানান এবং এর ব্যাপ্তি বৃত্তি প্রদানের পাশাপাশি অন্যান্য ক্ষেত্রে বিস্তার করার আহ্বান জানান। তিনি নিজেকে অ্যালামনাইয়ের সাথে আরো সম্পৃক্ত করার প্রত্যয় ব্যক্ত করে অভিমত প্রকাশ করেন যে, বৃত্তির টাকার পরিমান বর্তমান বাজার মূল্যের বিবেচনায় সামান্য হওয়ায় কমিটি বৃত্তির টাকা বৃদ্ধির উদ্যোগ নিতে পারে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ নাসির উদ্দিন হাওলাদার বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নে বিশেষ করে একটি তোরণ নির্মাণে এগিয়ে আসার এবং বৃত্তির টাকার পরিমাণ বৃদ্ধির জন্য অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দকে অনুরোধ জানান।

নতুন নির্বাহী কমিটির সাথে পরিচয় পর্বে দপ্তর সম্পাদক জনাব মঈনুল হাসান মানিক, সমাজকল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন ও নির্বাহী সদস্য ডাঃ মোঃ সাইয়েদুর রহমান সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তাঁরা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সম্মৃদ্ধি বৃদ্ধিতে তাঁদের প্রত্যয় ব্যক্ত করেন। কল্যান তহবিলের দাতা জনাব মো: সালেহ উদ্দীন হাওলাদার তাঁর স্বপ্রণোদিত বক্তব্যে কল্যান তহবিল বৃদ্ধিতে সকলকে আহ্বান জানিয়ে পুনরায় তহবিল বৃদ্ধিতে নিজ প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

মুলাদী মাহ্‌মুদজান মাধ্যমিক বিদ্যালয়

এ পর্যায়ে সভাপতির বক্তব্যে জনাব আবুল কালাম আজাদ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দাতাদের কৃতজ্ঞচিত্তে স্মরণ করে তাঁদের বিদেহী আত্মার শান্তি প্রার্থনা করেন। তিনি তাঁর বক্তব্যে অ্যালামনাই অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠাতাগণের অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠায় ইতিবাচক ভূমিকার স্মৃতিচারণ করেন এবং মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদ্য প্রায়ত প্রথম সভাপতি মরহুম শাহ্ আলম এনডিসি ও প্রতিষ্ঠাতা সদস্য মো: হারুন অর রশীদ- এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্রের দিক নির্দেশনা অনুযায়ী মুলাদী সরকারি মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়নে বর্তমান কমিটি ভূমিকা রাখতে সচেষ্ট থাকবে মর্মে তিনি প্রত্যয় ব্যক্ত করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, শিক্ষার্থী প্রতি বৃত্তির টাকা বৃদ্ধির প্রস্তাব নির্বাহী কমিটি বিবেচনা নিয়ে বর্তমান জীবন-যাত্রার ব্যয়ের সাথে সংগতিপূর্ণ একটি হার নির্ধারণের চেষ্টা করবে। আগামী বছর এর প্রতিফলন দেখা যাবে মর্মে আশ্বাস দেন। তিনি সকলকে অবহিত করেন যে, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের একটি website আগামী বছরের মধ্যে বর্তমান কমিটি উপহার দিতে সক্ষম হবে। তিনি উপস্থিত সকলকে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সংখ্যা ও কল্যাণ তহবিল বৃদ্ধিতে এগিয়ে আসার আহ্বান জানান।

এ পর্যায়ে প্রধান অতিথি, বিশেষ অতিথি, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দের হাত থেকে বৃত্তি গ্রহণ করেন নিম্নোক্ত ৫৭ জন শিক্ষার্থী।

ক্র.নং	বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তালিকা ২০২৩	শ্রেণি
০১	ছোয়াদ জান্নাহ পিতা: জাহাঙ্গীর আলম	৬ষ্ঠ
০২	অমিদা আক্তার তাহিয়া পিতা: পাবেল এনামুল	৬ষ্ঠ
০৩	আফরা ইবনাত পিতা: মফিজুল ইসলাম	৬ষ্ঠ
০৪	স্নিগ্ধা সফিক হাফসা পিতা: সফিকুল ইসলাম	৭ম
০৫	হামিম পিতা: মুহাম্মদ হাবিবুল্লাহ	৭ম
০৬	সূর্যদেব কর্মকার পিতা: কনক চন্দ্র কর্মকার	৭ম
০৭	তাসফিয়া মরিয়ম পিতা: আমিনুল হক	৮ম
০৮	নুজহাত-ই-এলাহী নিকুম চৌধুরী পিতা: মো: দীন এলাহী চৌধুরী	৮ম
০৯	মুহাইমিন হাবিব পিতা: মো: হাবিবুর রহমান	৮ম
১০	এইচ. এম. এন. মাহদী পিতা: মো: মনিরুজ্জামান	৮ম
১১	নওরান জাহান পিতা: আতিকুজ্জামান	৯ম
১২	আয়েশা ছিদ্দিকা তুলনা পিতা: মো: ছিদ্দিকুর রহমান	৯ম
১৩	ইসরাত জাহান কলি পিতা: মো: সহিদুল ইসলাম	৯ম
১৪	শাহরিয়ার রহমান শিহাব পিতা: মো: আনিচুর রহমান	১০ম
১৫	মাইশা মাহজাবিন মোহনা পিতা: আল মামুন	১০ম
১৭	তাবাচ্ছুম নাহার লামিশা পিতা: মো: কেনান সরদার	১০ম
১৮	সাদিয়া ইসলাম পিতা: সোলায়মান সিকদার	১০ম
১৯	মার্জিয়া ইসলাম পিতা: মো: এজাজুল ফকির	১০ম

ক্র.নং	বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তালিকা ২০২৩	শ্রেণি
২০	জান্নাত পিতা: দুলাল বেপারী	১০ম
২১	তাসমিয়া নওসীন পিতা: মাসুদ হোসেন খান	১০ম
২২	মিম আক্তার পিতা: আবদুর রহিম খান	১০ম
২৩	তৃণা পোদ্দার পিতা: বিভাষ চন্দ্র পোদ্দার	৬ষ্ঠ
২৪	মো: রাজন পিতা: জসিম ঘরামী	৬ষ্ঠ
২৫	আবদুল হাই মিসকাত নুর পিতা: ফারুক আকন	৬ষ্ঠ
২৬	রমজান আকন্দ মো: জসিম আকন্দ	৭ম
২৭	নুসরাত ইসলাম মিমি পিতা: নজরুল ইসলাম	৭ম
২৮	সাজিদুল ইসলাম সোহান পিতা: মো: জাকির সরদার	৭ম
২৯	মো: শুভ পিতা: মো: কামাল	৮ম
৩০	জুবায়ের আহম্মেদ পিতা: রেজাউল করিম	৮ম
৩১	তানভীর পিতা: ফারুক মল্লিক	৮ম
৩২	এইচ এম মাহাদী পিতা: মো: মনিরুজ্জামান	৮ম
৩৩	মো: আশরাফুল আজমাইন পিতা: আবদুস সালাম আজাদ	৯ম
৩৪	মেহেরীন তাসনিম পিতা: মো: আবদুস সবুর	৯ম
৩৫	লিয়া মনি পিতা: লিটন খান	৯ম
৩৬	ওমর ফারুক বিধান মাতা: রোখসানা আহম্মেদ এ্যানী	৯ম
৩৭	আরাফাত রহমান (জেম-১) পিতা: আব্বাস উদ্দিন হাওলাদার	৯ম
৩৯	কাজি আসিফ পিতা: কাজী আসাদুজ্জামান	৯ম

মুলাদী মাহ্মুদজান মাধ্যমিক বিদ্যালয়

ক্র.নং	বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তালিকা ২০২৩	শ্রেণি
৪০	জয় চন্দ্র দাস পিতা: সুশীল দাস	৯ম
৪১	আব্দুল আহাদ পিতা: ইসমাইল ফকির	৯ম
৪২	জ্যোতি বিশ্বাস পিতা: বিমল বিশ্বাস	১০ম
৪৩	মুনিয়া আক্তার পিতা: মো: মতিউর রহমান	১০ম
৪৪	জিহাদ পিতা: মো: জামাল হোসেন	১০ম
৪৫	আল শাহারিয়ান আহাদ পিতা: মো: আল আমিন ভুলু	১০ম
৪৬	খাদিজা পিতা: সিরাজুল ইসলাম	১০ম
৪৭	অনিক হায়দার পিতা: মো: আক্তার হোসেন হাজারী	১০ম
৪৮	মোসা: সোহানা পিতা: মো: সোহেল বেপারী	১০ম
৪৯	মোসা: জান্নাতুল পিতা: ইউসুফ দফাদার	১০ম
৫০	জিসান পিতা: কামাল সরদার	১০ম
৫১	মো: সাজিদ হাসান পিতা: মো: তরিকুর রহমান	১০ম
৫২	মো: ইলিয়াস খন্দকার পিতা: মো: ইউনুস খন্দকার	১০ম
৫৩	মো: তওহীদুল ইসলাম পিতা: মো: জহিরুল ইসলাম	১০ম
৫৪	খান সিয়াম পিতা: হানিফ খান	১০ম
৫৫	বনী আমিন পিতা: মো: আমির হোসেন	১০ম
৫৬	মো: সাব্বির পিতা: মো: শামীম সরদার	১০ম
৫৭	ফারদিন পিতা: ফারুক হোসেন	১০ম

মাহ্‌মুদজান মাধ্যমিক বিদ্যালয়

বৃত্তি প্রদান শেষে ২ জন ছাত্র ও ছাত্রী তাঁদের অনুভূতি ব্যক্ত করে প্রাঞ্জল বক্তব্য রাখে। তাঁরা ভবিষ্যতে অ্যালামনাই অ্যাসোসিয়েশনে যুক্ত থাকার আকাঙ্খা প্রকাশ করে অ্যাসোসিয়েশনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বৃত্তি প্রদান অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপনমূলক বক্তব্য রাখেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকীব। তিনি সকলকে ধৈর্য্যসহকারে উপস্থিত থেকে সহযোগিতা করার জন্যে এবং অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি স্বেচ্ছাসেবক টিম/Boy scout-কে বৃত্তি প্রদান অনুষ্ঠানে সেবা প্রদানের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান।

অনুষ্ঠান শেষে সকলকে আপ্যায়ন করা হয়। স্বেচ্ছাসেবক টিম উপস্থিত সকলকে আপ্যায়ন পৌঁছে দেয়।

২৯.১০.২০২৫	২৯/১০/২০২৫	২৯.১০.২০২৫
(কামরুন্নাহার নিনা)	**(মোঃ শহীদুল ইসলাম খান)**	**(আবুল কালাম আজাদ)**
অর্থ সম্পাদক	সাধারণ সম্পাদক	সভাপতি
কার্যনির্বাহী কমিটি	কার্যনির্বাহী কমিটি	কার্যনির্বাহী কমিটি

বিতরণ:

১. নির্বাহী কমিটি, মুলাদী সরকারি মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

২. উপদেষ্টা পরিষদ, মুলাদী সরকারি মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

ঢাকা কার্যালয় : নোভা হোল্ডিংস লিঃ, নোভা টাওয়ার (৯ম তলা)
১২/৮ পুরবী, জহুরুল ইসলাম এভিনিউ, মিরপুর ১১½, ঢাকা-১২১৬
মোবাইল : +৮৮ ০১৭১২ ৫৯১৬৭৫
ই-মেইল : mmmbaa2010@gmail.com